



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পলাশবাড়ী সরকারি কলেজ, গাইবান্ধা



ই-মেইল: palashbari.college@yahoo.com ওয়েবসাইট: palashbarigovtcollege.com

তারিখ: ১৪/০৭/২০২৪খ্রি.

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে ১৫/০৭/২০২৪ থেকে ২২/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। এজন্য ডাচ বাংলা ব্যাংক লিমিটেড-এর ডিজিটাল ব্যাংকিং Rocket-এর মাধ্যমে Bill pay > Search biller-এ ৩৫৪ লিখে PALASHBARI GOVERNMENT COLLEGE_G সিলেক্ট করে **Student ID এর জায়গায় SSC ROLL দিতে হবে।**

অথবা ইসলামী ব্যাংক লিমিটেড এর ডিজিটাল ব্যাংকিং Cellfin-এর মাধ্যমে **Bill payment > Education fee > PALASHBARI GOVERNMENT COLLEGE** সিলেক্ট করে **Student ID এর জায়গায় SSC ROLL দিতে হবে।** এভাবে নির্দিষ্ট ফি জমা দেয়ার পর কলেজের ওয়েবসাইট (www.palashbarigovtcollege.com)-এ ভর্তি ফরম পূরণ করে **প্রিন্ট নেয়ার পর সাবমিট** করতে হবে এবং প্রিন্টেড কপি সংরক্ষণ করতে হবে। **ভর্তিছু প্রত্যেক শিক্ষার্থীকে বিশেষভাবে জানানো যাচ্ছে যে, একটি SSC Roll দিয়ে একবারই ভর্তি ফরম পূরণ করে সাবমিট করা সম্ভব। এজন্য বিশেষ সতর্কতার সাথে নির্ভুলভাবে ভর্তি ফরম পূরণ করার জন্য বলা হলো।**

- ভর্তি ফরম পূরণ করে সাবমিট করার পর উল্লিখিত ওয়েবসাইটে Academic > All students list-এ গিয়ে ভর্তি সংক্রান্ত তথ্য যাচাই করতে পারবে।
- আবেদন সাবমিট হলে ওয়েবসাইটে শিক্ষার্থীর নামের পাশে Class Roll-এর ঘর ফাঁকা থাকবে এবং Admission in progress প্রদর্শিত হবে।
- ভর্তি নিশ্চিত হলে ওয়েবসাইটে শিক্ষার্থীর নামের পাশে Class Roll দেওয়া থাকবে এবং Admission in progress-এর স্থলে Approved প্রদর্শিত হবে।
- ভর্তি সংক্রান্ত কোনো কাজে কলেজে আসার প্রয়োজন নেই। ভর্তি প্রক্রিয়াটি সম্পূর্ণভাবে অনলাইনে সম্পন্ন হবে।
- ওরিয়েন্টেশন ক্লাস ৩০ জুলাই, ২০২৪ খ্রি. রোজ মঙ্গলবার সকাল ১১ টায় অনুষ্ঠিত হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি ফি

| ছাত্র (বিজ্ঞান) | ছাত্রী (বিজ্ঞান) | ছাত্র (মানবিক ও ব্যবসায় শিক্ষা) | ছাত্রী (মানবিক ও ব্যবসায় শিক্ষা) |
|-----------------|------------------|----------------------------------|-----------------------------------|
| ৩,১৩৫ টাকা | ২,৮৩৫ টাকা | ২,৯৩৫ টাকা | ২,৬৩৫ টাকা |

বিশেষ দৃষ্টব্য:

- ১। বিজ্ঞান বিভাগের সকল শিক্ষার্থী ও মানবিক বিভাগের যেসকল শিক্ষার্থীর মনোবিজ্ঞান আছে তাদের কলেজে (পরবর্তীতে নির্ধারিত তারিখে) কাগজপত্র জমা দেয়ার সময় সরকারি পরিপত্র মোতাবেক বিজ্ঞানাগার ফি বাবদ ১০০/- জমা দিতে হবে।
- ২। মানবিক বিভাগের যেসকল শিক্ষার্থীর মনোবিজ্ঞান আছে অভ্যন্তরীণ পরীক্ষার (সরকারি পরিপত্র মোতাবেক) ব্যবহারিক ফি বাবদ (পরবর্তীতে নির্ধারিত তারিখে) ৫০/- জমা দিতে হবে।
- ৩। শোল্ডার ব্যাজ (৩ পিস), নেমপ্লেট এবং প্রোসপেক্টাস কলেজ থেকে গ্রহণ করতে হবে।
- ৪। যেসকল শিক্ষার্থীর পাঠবিরতি আছে তাদের জন্য পাঠবিরতি ফি বাবদ (পরবর্তীতে নির্ধারিত তারিখে) ১৫০/- জমা দিতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র- (কলেজে জমা দেয়ার তারিখ ও সময় পরবর্তীতে নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।)

- ১। কলেজের ওয়েবসাইট থেকে পূরণকৃত ফরম-এর প্রিন্টকপি।
- ২। এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র ও প্রশংসাপত্র (এক সেট ফটোকপিসহ)
- ৩। কোটায় নির্বাচিত প্রার্থী হলে কোটা সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি ও চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রত্যয়নপত্র।



কলেজের ফেসবুক পেইজ

অতীব জরুরি:

- মূল নম্বরপত্র জমা না দেয়া পর্যন্ত ভর্তি ও রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হবে না। নির্ধারিত সময়ের মধ্যে মূল নম্বরপত্র জমা না দেয়ার ফলে ভর্তি বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। বোর্ড কর্তৃক মূল নম্বরপত্র সরবরাহ না করা হলে এসএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং মূল প্রবেশপত্র নির্ধারিত তারিখে জমা দিতে হবে। মূল নম্বরপত্র পাওয়ার সাথে সাথেই কলেজে অবশ্যই জমা দিতে হবে।
- ভর্তিছু সকল শিক্ষার্থীকে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইটে সকল তথ্যাদি পূরণ করে ভর্তি নিশ্চিত করতে হবে। অন্যথায় ভর্তি এবং রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোনো জটিলতার জন্য শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে।
- ভর্তি সংক্রান্ত কোনো জরুরি প্রয়োজনে যোগাযোগ করতে নিচের WhatsApp নাম্বার এ মেসেজ করতে হবে। (সকাল ৯:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত):

| | |
|-----------------------|--|
| বিজ্ঞান বিভাগ | জনাব মোঃ হাব্বুন অর রশিদ, প্রভাষক, আইসিটি - ০১৭২২-৯৭৭৬৫ |
| মানবিক বিভাগ | জনাব নূর মোহাম্মদ, প্রভাষক, প্রাগিবিদ্যা- ০১৫২১-১১১৩৮৫ |
| ব্যবসায় শিক্ষা বিভাগ | জনাব মহসিন-আল-মামুন, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান- ০১৭৭৩-৭৩৯৯৬৫ |

সংযুক্তি: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি ফি বিবরণী
প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোঃ বশির উদ্দিন খান-২২৬২)
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
পলাশবাড়ী সরকারি কলেজ, গাইবান্ধা

(মহসিন-আল-মামুন)
আহবায়ক (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ একাদশ শ্রেণি ভর্তি কমিটি)
সহকারী অধ্যাপক (সমাজবিজ্ঞান), পলাশবাড়ী সরকারি কলেজ, গাইবান্ধা